



## চট্টগ্রাম সিটি কর্পোরেশন প্রেস বিজ্ঞপ্তি

চট্টগ্রাম- ২৮ মার্চ ২০১৮ খ্রি.

### চমিক পরিচালিত মোবাইল কোর্ট অভিযান অব্যাহত

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের উদ্যোগে স্পেশাল ম্যাজিস্ট্রেট (যুগ্ম জেলা জজ) জাহানারা ফেরদৌস ও নির্বাহী ম্যাজিস্ট্রেট আফিয়া আখতার এর নেতৃত্বে ২৮ মার্চ ২০১৮ খ্রি. মঙ্গলবার, সকালে চট্টগ্রাম মহানগর এলাকায় মোবাইল কোর্ট পরিচালিত হয়। অভিযানকালে কোতোয়ালী থানাধীন আন্দরকিল্লা বকশিরবিট এলাকায় দোকানের ফ্রিজ ফুটপাথের উপর অবৈধভাবে রেখে জন দুর্ভোগ সৃষ্টির দায়ে ফুলকলি মিষ্টির দোকানকে ৫ হাজার, নজির আহমদ চৌধুরী রোডে ট্রেড লাইসেন্স না থাকায় হালনাগাদ নবায়ন না করায় ইউনিভার্সেল প্রেসকে ৫ হাজার, পরিচয় প্রিন্টার্সকে ৫ হাজার, জব্বারিয়া প্রিন্টার্সকে ৫ হাজার, ইউনিক প্রিন্টার্সকে ৫ হাজার, নূর জাহান পেপার হাউসকে ৫ হাজার, প্রাইম প্রিন্টার্সকে ৫ হাজার, আল সাজিদ কম্পিউটারকে ২ হাজার, সুমন বুক বাইন্ডিংকে ২ হাজার টাকা সহ মোট ৩৯,০০০/- (উনচল্লিশ হাজার) টাকা জরিমানা আদায় করা হয়।

অভিযানকালে সিটি কর্পোরেশনের সংশ্লিষ্ট বিভাগের কর্মকর্তা-কর্মচারী ও চট্টগ্রাম মহানগর পুলিশ ম্যাজিস্ট্রেটদ্বয়কে সহায়তা করেন।

চট্টগ্রাম- ২৮ মার্চ ২০১৮ খ্রি.

### দুর্যোগ ব্যবস্থাপনা কেন্দ্র, সাইক্লোন সেন্টার ও পাবলিক লাইব্রেরী নির্মাণ প্রকল্প পরিদর্শনে মেয়র আ জ ম নাছির উদ্দীন

চট্টগ্রাম সিটি কর্পোরেশন নগরীর লালদিঘীর দক্ষিণ পাড়ে সিটি গভার্নেন্স প্রকল্পের আওতায় জাইকার অর্থায়নে ১২ কোটি ৫৭ লক্ষ ৩০ হাজার টাকা ব্যয়ে নির্মাণ করছে ৮ তলা বিশিষ্ট দুর্যোগ ব্যবস্থাপনা কেন্দ্র, সাইক্লোন সেন্টার ও পাবলিক লাইব্রেরী। ২৮ মার্চ ২০১৮ খ্রি. বুধবার, দুপুরে চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র আ জ ম নাছির উদ্দীন উল্লেখিত নির্মাণ কাজ পরিদর্শন করেন। এ সময় তিনি কাজের অগ্রগতি ও মান সম্পর্কে সংশ্লিষ্ট প্রকৌশলী ও ঠিকাদারের নিকট অবহিত হন। মেয়র নির্ধারিত সময়ের মধ্যে নির্মাণ কাজ সমাপ্ত করার তাগাদা দেন। এ সময় চট্টগ্রাম সিটি কর্পোরেশনের ভারপ্রাপ্ত প্রধান নির্বাহী কর্মকর্তা মো. আবুল হোসেন, তত্ত্বাবধায়ক প্রকৌশলী আনোয়া হোসাইন, নির্বাহী প্রকৌশলী ও প্রজেক্ট ম্যানেজার ফরহাদুল আলম ও জনযোগ্য কর্মকর্তা মো. আবদুর রহিমসহ সংশ্লিষ্টরা উপস্থিত ছিলেন।

চট্টগ্রাম- ২৮ মার্চ ২০১৮ খ্রি.

## চট্টগ্রাম সিটি কর্পোরেশনের নিজ-<sup>^</sup> জায়গায় ওয়াটার এইড ও কিমবার্লির অর্থায়নে নির্মিত আধুনিক দু'টি টয়লেট উদ্বোধন করেন

### মেয়র আ জ ম নাছির উদ্দীন

ভাসমান নগরবাসীর টয়লেট, গোসল ও সুপেয় পানি পানসহ নানা সুযোগ-সুবিধা নিশ্চিত করার লক্ষে নগরীর লালদিঘীর দক্ষিণ পূর্ব পাড়ে এবং কে সি দে রোডস্ টিএনটি'র দেয়ালের বাহিরে চট্টগ্রাম সিটি কর্পোরেশনের নিজ-<sup>^</sup> জায়গায় ওয়াটার এইড ও কিমবার্লির অর্থায়নে প্রায় ৫৩ লক্ষ টাকা ব্যয়ে নির্মিত আধুনিক দু'টি টয়লেট ২৮ মার্চ ২০১৮ খ্রি. বুধবার, দুপুরে ফলক উন্মোচন করে উদ্বোধন করেন চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র আ জ ম নাছির উদ্দীন। টয়লেট দু'টিতে নিরাপত্তার জন্য সিসি ক্যামেরা ও লকার রুম ছাড়াও ৫ টাকার বিনিময়ে টয়লেট, ১০ টাকার বিনিময়ে গোসল, ৫ টাকার বিনিময়ে লকার রুম ব্যবহার এবং ১ টাকার বিনিময়ে সুপেয় পানি পান করার সুবিধা রয়েছে। এতে প্রতিবন্ধীদের হুইল চেয়ারে টয়লেট ব্যবহার এবং মহিলাদের জন্য নিরাপদ ব্যবস্থা রয়েছে। ওয়াটার এইড ও কিমবার্লির অর্থায়নে আরো একটি টয়লেট নির্মাণাধীন এবং জায়গা প্রাপ্তি সাপেক্ষে আরো ৭ টি আধুনিক টয়লেট নির্মাণ করে দেয়ার পরিকল্পনা গ্রহন করেছে। আধুনিক এই দু'টি টয়লেট উদ্বোধন উপলক্ষে অনুষ্ঠিত সুধি সমাবেশে চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র আ জ ম নাছির উদ্দীন বলেন, তার মেয়াদের মধ্যে নগরীর সর্বত্র আধুনিক টয়লেট নির্মাণ করা হবে। ভাসমান প্রায় ১৫ লক্ষ মানুষের টয়লেট, গোসল ও সুপেয় পানি পান করার সুযোগ সৃষ্টি করবে চট্টগ্রাম সিটি কর্পোরেশন। তিনি বলেন, প্রতিদিন সকাল থেকে গভীর রাত পর্যন্ত নগরীতে প্রায় ১০ থেকে ১৫ লক্ষ মানুষ তাদের দৈনন্দিন কার্যক্রম সমাপ্ত করে নিজ নিজ গন্তব্যে চলে যায়। বিশাল এই জনগোষ্ঠীর সুবিধার্থে চট্টগ্রাম সিটি কর্পোরেশন পাবলিক টয়লেট নির্মাণ কর্মসূচি গ্রহণ করেছে। এ সময় স্থানীয় কাউন্সিলর জহর লাল হাজারী, কাউন্সিলর মো. গিয়াস উদ্দিন, শৈবাল দাশ সুমন, সাহেদ ইকবাল বাবু, তৌফিক আহম্মদ চৌধুরী, মিসেস আঞ্জুমান আরা বেগম, চট্টগ্রাম সিটি কর্পোরেশনের ভারপ্রাপ্ত প্রধান নির্বাহী কর্মকর্তা মো. আবুল হোসেন, সিডিএ'র চীফ টাউন প্ল্যানার শাহিনুল ইসলাম, ওয়াটার এইড এর কান্ট্রি ডিরেক্টর খায়রুল ইসলাম, ডিএসকে'র যুগ্ম পরিচালক আবদুল হাকিম ও জনসংযোগ কর্মকর্তা মো. আবদুর রহিমসহ সংশ্লিষ্টরা উপস্থিত ছিলেন।

### সংবাদদাতা

মো. আবদুর রহিম

জনসংযোগ কর্মকর্তা

চট্টগ্রাম সিটি কর্পোরেশন